Navigation

Tools

Personal tools

personal-extra



Views

Actions

File:16jan 19 LCS Guiding Note BANGLA.pdf

From Blue Gold Program Wiki
The printable version is no longer supported and may have rendering errors. Please update your browser bookmarks and please use the default browser print function instead.



চুক্তিবদ্ধ শ্রমিক দল (এলসিএস) গঠন ও এর কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত কিছু দিক নির্দেশনা

(This note addresses 2018 ARM Aide Memoire Section 3.5)

১. এলসিএস এর মাধ্যমে মাটি কাটার জন্য নির্বাহী প্রকৌশলী এবং পানি ব্যবস্থাপনা দলের মধ্যে চুক্তি সম্পাদনের পূর্বে নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রকল্পের পরামর্শক দল, পানি ব্যবস্থাপনা দল ও পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সাথে যৌথ আলোচনার মাধ্যমে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে কাজের আয়োজন করবেন: (১)এলসিএস এর জন্য কম ঝুকিপূর্ণ কাজ ও সুবিধাজনক স্থান নির্বাচন, (২) মাটি ও শ্রমিকের প্রাপ্যতাকে অগ্রাধিকার প্রদান, (৩) মার্চ মাসের পূর্বে এবং বাপাউবো এর সংশ্লিষ্ট পশুর বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা কাজের ড্রি-ওয়াক এবং কাটি/ফিদি চার্ট অনুযায়ী WMG/LCS কে কাজ বুঝিয়ে দেয়া, এবং (৪) WMG/LCS এর উপস্থিতিতে বাপাউবো এর সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তা ও পরামর্শক দলের সদস্যবৃন্দ কর্তৃক যৌথ পোষ্ট ওয়ার্ক মেজারমেন্ট নেয়া।

২. পানি ব্যবস্থাপনা দল কর্তৃক আয়োজিত এলসিএস সদস্য নির্বাচন ও গঠন সংক্রান্ত সভায় আলোচনার বিষয় সমূহ- (১)এলসিএস গঠনের উদ্দেশ্য, (২) এলসিএস সদস্যদের যোগ্যতা, (৩) এলসিএস সদস্যদের দায়িত্ব ও কর্তব্য, (৪) LCS কার্যক্রম সম্পাদনে পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন, স্থানীয় ইউনিয়ন পরিষদ, প্রকল্পের পরামর্শক দল ও বাপাউবো এর দায়িত্ব/কর্তব্য এবং (৫) বিল পরিশোধ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা।

৩. উক্ত সভায় পানি ব্যবস্থাপনা দল কর্তৃক মনোনীত/নির্বাচিত এলসিএস সদস্যদের দ্বারা মাটির কাজ সম্পাদনে বাধ্যবাধকতা সম্পর্কে পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস নেতৃবৃন্দকে অবহিত করা। তালিকা বহির্ভূত সদস্যদের দ্বারা এবং মেশিন ব্যবহারের মাধ্যমে এলসিএস কাজ সম্পাদন না করার বিষয়ে সতর্ক করা ।

৪. উক্ত এলসিএস সভায় উপস্থিত সকলকে অবহিত করা যে, WMG/LCS এর জন্য বরাদ্দকৃত মাটি কাজ LCS এর জেম ওয়ার্ক বা বিধিমালার বাহিরে কোন প্রকার সাব-কন্ট্রাকটিং বা অন্য কোন উপায়ে বাস্তবায়ন গ্রহণযোগ্য নয়।

৫. এলসিএস গঠন সভায় উপস্থিত থেকে এলসিএস এর ৬(ছয়) সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটি গঠনে সহযোগিতা প্রদান এবং নির্বাহী কমিটির দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান।

৬. এলসিএস এর নামে ব্যাংক হিসাব খোলার বিষয়ে সহযোগিতা প্রদান। এলসিএস গঠন সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি, সম্পাদক এবং এক জন নির্বাহী সদস্য- এই তিন জনের যে কোন দু'জনের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৭. নির্বাহী প্রকৌশলী ও পানি ব্যবস্থাপনা দলের মধ্যে যথাসময়ে এলসিএস সংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তা প্রদান।

৮. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস এর মধ্যে এলসিএস সংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তা প্রদান।

৯. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস সদস্যদেরকে মাটির কাজের পরিমাণ ও বিলের টাকা প্রাপ্তি এবং এলসিএস সদস্যদের মাঝে বিতরণের বিষয়/নিয়মাবলি যথাযথ ভাবে বুঝিয়ে বলা। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কার্যাদেশ বা বিস্তারিত কার্যাদেশে উল্লিখিত কাজের প্রাক্কলিত পরিমাণ/মূল্য চূড়ান্ত নয়, এটা অবশ্যই বাস্তব সম্পাদিত কাজের পরিমাণ/পরিমাণের ভিত্তিতে চূড়ান্ত করা হয় এবং বাপাউবো'র টাক স্কোর্সের বিধিবিধান চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়াও বিল থেকে বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও নিরাপত্তা জামানত ইত্যাদি কর্তন করা হবে।

১০. নির্বাহী প্রকৌশলীর দপ্তর থেকে কার্যাদেশ প্রদানের পর পরই পানি ব্যবস্থাপনা দল এবং এলসিএসকে কাজ শুরু করার জন্য অনুপ্রাণিত করা এবং কাজের কাটি চার্ট, ফিদি চার্ট অনুযায়ী WMG/LCS কে কাজ বুঝিয়ে দেয়ার বিষয়ে নির্বাহী প্রকৌশলীর দপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সহায়তা প্রদান।

১১. এলসিএস কর্তৃক মাটির কাজ চলাকালীন সংশ্লিষ্ট পশুর বিভাগ বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও পরামর্শক দলের সদস্যবৃন্দ কর্তৃক প্রদত্ত সহোমিনে যৌথ প্রশিক্ষণকালে কাজের সাইনবোর্ড, নকসা, টেকনিক্যাল স্পেসিফিকেশন, প্রোফাইল অনুসরণ, কাজ সম্পাদনের পদ্ধতি এবং সম্পাদিত কাজের বিল পরিশোধ সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান।

১২. পানি ব্যবস্থাপনা দল ও এলসিএস নেতৃবৃন্দের উপস্থিতিতে সংশ্লিষ্ট পশুর বিভাগ বা পানি উন্নয়ন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের তত্ত্বাবধানে এলসিএস কাজের ড্রি-ওয়ার্ক, মডেল সেকশন তৈরী এবং পোষ্ট ওয়ার্ক মেজারমেন্ট নেয়ার ক্ষেত্রে সহায়তা প্রদান।

১৩. প্রতিবার ব্যাংক হতে এলসিএস এর টাকা উত্তোলনের সিদ্ধান্ত সম্বলিত সভায় সংশ্লিষ্ট সিডিউল এর স্বাক্ষরকারী উপস্থিতি বাধ্যতামূলক এবং রেজুলেশনে পোতার কো-অর্ডিনেটর এর সুপারিশ থাকা বাধ্যতামূলক ।

১৪. এলসিএস এর টাকা উত্তোলনের সিদ্ধান্ত গ্রহণ এবং এলসিএস সদস্যদের মধ্যে টাকা বিতরণের সময় সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা দলের সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ এবং পোতার কো-অর্ডিনেটর/কো-কোঅর্ডিনেটর এর উপস্থিতি বাধ্যতামূলক করে এলসিএস গঠন সভায় সিদ্ধান্ত গ্রহণে পরামর্শ প্রদান।

১৫. এলসিএস এর তালিকাভুক্ত সদস্যগণ কর্তৃক কাজ শুরু করার পর রেজুলেশনের ভিত্তিতে প্রথম কিস্তির টাকা প্রস্তাবিতমূলক আকৃতি হিসাবে উত্তোলন করা যাবে। দ্বিতীয় কিস্তি ও চূড়ান্ত কিস্তির বিল পরিশোধের পূর্বে পূর্ববর্তী কিস্তির টাকা বিতরণের প্রমাণ হিসাবে মাটির রোল ও হাজিরা খাতা (পানি ব্যবস্থাপনা দলের সভাপতি অথবা সাধারণ সম্পাদক এবং পোতার কো-অর্ডিনেটর কর্তৃক সত্যায়িত কপি) নির্বাহী প্রকৌশলীর দপ্তরে এবং পরামর্শক দলের দপ্তরে দাখিল করতে হবে।

১৬. পানি ব্যবস্থাপনা দল এবং/বা এলসিএস মাটি কাটার কাজে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন না করলে এবং **"outside labour and excavator"** ব্যবহার করলে উক্ত কাজের বিল পরিশোধে কোন জটিলতা দেখা দিলে তার দায়ভার পানি ব্যবস্থাপনা দলের উপর বর্তাবে।

LCS guide note rev 16th January 2019

Size of this JPG preview of this PDF file: 424 × 599 pixels. Other resolution: 170 × 240 pixels.

Original file (1,240 × 1,753 pixels, file size: 245 KB, MIME type: application/pdf)

LCS Guiding Notes (Bangla)

LCS

Labour Contracting Societies - Groups of usually landless people who are contracted by an agency to carry out a certain type and volume of earthwork within a given time period. For BWDB, the rules for engagement of an LCS are set down in PWMR 2014 Chapter 6

Groups of usually landless people who are contracted by an agency to carry out a certain type and volume of earthwork within a given time period. For BWDB, the rules for engagement of an LCS are set down in PWMR 2014 Chapter 6

File history

Click on a date/time to view the file as it appeared at that time.

Date/Time	Thumbnail	Dimensions	User	Comment
current 08:32, 11 May 2021		1,240 × 1,753 (245 KB)	Saad.chowdhury (talk | contribs)	

You cannot overwrite this file.

File usage

There are no pages that use this file.

Retrieved from "https://www.bluegoldwiki.com/index.php?title=File:16jan_19_LCS_Guiding_Note_BANGLA.pdf&oldid=5403"

Namespaces

- File
- Discussion

Variants

Categories:

- LCS
- Report
- Documents in Bangla

This page was last edited on 11 May 2021, at 08:34.

Blue Gold Program Wiki

The wiki version of the Lessons Learnt Report of the Blue Gold program, documents the experiences of a technical assistance (TA) team working in a development project implemented by the Bangladesh Water Development Board (BWDB) and the Department of Agricultural Extension (DAE) over an eight+ year period from March 2013 to December 2021. The wiki lessons learnt report (LLR) is intended to complement the BWDB and DAE project completion reports (PCRs), with the aim of recording lessons learnt for use in the design and implementation of future interventions in the coastal zone.

- Privacy policy
- About Blue Gold Program Wiki
- Disclaimers

Developed and maintained by Big Blue Communications for Blue Gold Program

- Powered by MediaWiki

Blue Gold Program Wiki